# পাট (লাইসেন্সিং এণ্ড এনফোর্সমেন্ট) বিধিমালা, ১৯৬৪

১৬ই জুলাই, ১৯৯৫ পর্যন্ত সর্বশেষ সংশোধনী সংযোজিত

পাট মন্ত্রণালয়

পাট অধিদপ্তর

## পাট (লাইসেন্সিং এণ্ড এনফোর্সমেন্ট) বিধিমালা, ১৯৬৪
### ১৬ই জুলাই, ১৯৯৫ পর্যন্ত সর্বশেষ সংশোধনী সংযোজিত

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা পাট (লাইসেন্সিং এণ্ড এনফোর্সমেন্ট) বিধিমালা, ১৯৬৪ নামে অভিহিত হইবে। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়,—

(এ) 'বেলার' (Baler) অর্থ প্রেস মালিক ব্যতীত কোন ব্যবসায়ী যিনি কাঁচা বা পাকা বেল নামে পরিচিত কাঁচা বা পাকা যাচাইকৃত পাট বাঁধাই করিবার জন্য কাঁচা বা পাকা প্রেস ব্যবহার করেন অথবা কেবলমাত্র কাঁচা বা পাকা বেল বাঁধাই করিবার জন্য তাহার ব্যবসা কেন্দ্রে আলগা (Loose) পাট খরিদ করেন অথবা অভ্যন্তরীণ বাজারে বেল পাট ক্রয় বা বিক্রয় করেন, অথবা কোন ব্যবসায়ী যিনি ফি'র বিনিময়ে অন্যের পাট (আলগা বা বেল) হেফাজত করেন বা তাহাদের দ্বারা ক্ষমতাপ্রাপ্ত হইলে বিক্রয়ের মধ্যস্থতা করেন, অথবা কোন ব্যবসায়ী যিনি বাংলাদেশের ভিতরের দুইজন ব্যবসায়ীর মধ্যে বা বাংলাদেশের বিক্রেতা এবং বাংলাদেশের বাহিরের কোন ক্রেতার মধ্যে ব্রোকারী বা কমিশন বা বেতনের বিনিময়ে বেল পাট ক্রয় বা বিক্রয়ের মধ্যস্থতা করেন ;

(বি) 'পাটের ডিলার' (Dealer of Jute) অর্থ কোন ব্যবসায়ী যিনি কেবলমাত্র আওলা পাটের ব্যবসা করেন, অথবা যিনি ক্রয় বা বিক্রয়ের মধ্যস্থতা করেন ;

(সি) (বিলুপ্ত) ;

(সিসি) 'পাটজাত পণ্যের ডিলার' (Dealer of Jute Manufactures) অর্থ কোন ব্যবসায়ী যিনি পাটজাত পণ্যের ব্যবসা করেন কিন্তু কোন জুট মিল ইহার অন্তর্ভুক্ত হইবে না ;

(ডি) (বিলুপ্ত) ;

(ই) 'পাটের বিন্যাস' (Grading of Jute) অর্থ সরকার কর্তৃক সময় সময় স্বীকৃত স্ট্যান্ডার্ড ট্রেড গ্রেডের সংগে সংগতিপূর্ণ পাটের গুণাগুণ অনুসারে শ্রেণীবিন্যাস করা ;

(এফ) (বিলুপ্ত) ;

(জি) (বিলুপ্ত) ;

(এইচ) 'প্রস্তুতকারক' (Manufacturer) অর্থ কোন ব্যবসায়ী যিনি পাটজাত পণ্য প্রস্তুত করার জন্য মিলের আংগিনায় পাট গুদাম ও প্রেসসহ পাটকল ব্যবহার করেন বা কেবলমাত্র পাটজাত পণ্য প্রস্তুত করিবার জন্য মিলের আংগিনায় পাট (আলগা ও বেল উভয়ই) ক্রয় করেন ;

(আই) 'মণ' (Maund) অর্থ ৪০ সেরে ১ মণ, ৮০ তোলায় ১ সের ;

(জে) 'অধ্যাদেশ' (Ordinance) অর্থ পাট অধ্যাদেশ, ১৯৬২ (LXXIV of 1962) ;

(কে) 'ওভারগ্রেডিং' (Overgrading) অর্থ এমনভাবে পাট যাচাই করা যাহাতে যাচাইকৃত পাটে বেল টিকেটে নির্দেশিত গ্রেডের সমমানের চাইতে নিম্নগুণের পাট থাকে ;

(এল) (বিলুপ্ত) ;

(এম) 'তফসিল' (Schedule) অর্থ এই বিধিমালায় সংযোজিত তফসিল ;

(এন) 'ধারা' (Section) অর্থ অধ্যাদেশের ধারা ;

(ও) 'ট্রেজারী' (Treasury) অর্থ বাংলাদেশের অভ্যন্তরে সরকারী ট্রেজারী, সাব-ট্রেজারীও উহার অন্তর্ভুক্ত ;

(পি) 'আন্ডারগ্রেডিং' (Undergrading) অর্থ এমনভাবে পাট যাচাই করা যাহাতে বেল টিকেটে নির্দেশিত সমমানের চাইতে যে কোন উচ্চগুণের পাট থাকে ;

(কিউ) 'আন্ডার-ইনভয়েসিং' (Under-invoicing) অর্থ সংশ্লিষ্ট মালের চালানে চালানী দ্রব্য অপেক্ষা নিম্ন দর বা গুণ বা পরিমাণ প্রদর্শন করা।

৩। **আবেদনপত্র কিভাবে দাখিল করিতে হইবে।**—(১) ৬ নং ধারার আওতায় লাইসেন্স মঞ্জুরী ও নবায়নের সকল আবেদনপত্র তফসিল-২ তে বর্ণিত ফর্মে তফসিল-১ এ তে বর্ণিত যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে। প্রত্যেক আবেদনপত্রের সংগে তফসিল-১ তে বর্ণিত ফি ট্রেজারী চালানের মাধ্যমে জমা দেওয়া চালান সংযুক্ত করিতে হইবে। লাইসেন্স নবায়নের ফি মূল লাইসেন্স মঞ্জুরের সমান ঃ

তবে শর্ত থাকে যে, পৃথক লাইসেন্সের দরকার হইবে না—

(এ) কোন কাঁচা পাট রপ্তানীকারককে একই কেন্দ্রে বেলার বা পাটের ডিলার হিসাবে ব্যবসা পরিচালনা করিতে ;

(বি) কোন বেলারকে একই কেন্দ্রে পাটের ডিলার হিসাবে ব্যবসা পরিচালনা করিতে।

(২) কোন অর্থ বৎসরের জন্য লাইসেন্স নবায়নের আবেদনপত্র সেই বৎসরের পূর্বে ও ৩০শে এপ্রিলের পর কিন্তু তৎপরবর্তী ৩০শে সেপ্টেম্বরের পরে নয়, দাখিল করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, তফসিল-১এ তে বর্ণিত নির্ধারিত কর্তৃপক্ষ উপযুক্ত এবং পর্যাপ্ত কারণে নির্ধারিত লাইসেন্স ফিসের অতিরিক্ত সমপরিমাণ অর্থ জরিমানা হিসাবে জমাদানসহ আবেদনপত্র ৩০শে সেপ্টেম্বরের পরও গ্রহণ করিতে পারিবেন।

৪। **লাইসেন্স ইস্যু ও নবায়ন।**—(১) আবেদনকারী তাহার আবেদনপত্রে প্রয়োজনীয় তথ্য এবং বিবরণ সম্পূর্ণরূপে ও সঠিকভাবে দাখিল করিবেন এবং আবেদনপত্রখানা অন্যভাবে সঠিক এবং নির্ধারিত ফি জমা দেওয়া হইয়াছে বলিয়া সন্তুষ্ট হইয়া তফসিল-১এ-তে বর্ণিত নির্ধারিত কর্তৃপক্ষ পরবর্তী বিধিতে বর্ণিত লাইসেন্স ইস্যু সংক্রান্ত নীতিমালা পূরণ সাপেক্ষে তফসিল-৩-তে বর্ণিত ফরম মোতাবেক লাইসেন্স ইস্যু বা নবায়ন করিবেন। কিন্তু কোন লাইসেন্সে প্রদর্শিত গুরুত্বপূর্ণ বিষয় অপরিবর্তিত না থাকিলে নবায়ন করা যাইবে না।

2

৫। **লাইসেন্স প্রদানের নীতিমালা।**—লাইসেন্স প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত সাধারণ এবং বিশেষ নীতিমালা অনুসরণ করিতে হইবে ঃ—

(এ) **সাধারণ নীতিমালা**—কোন ব্যক্তির নামে কোন প্রকারের লাইসেন্স ইস্যু করা হইবে না, যদি না—

(১) তাহার ব্যবসায় Appropriate করার মত তাহার নিজ নামে স্থাবর সম্পত্তি থাকে ;

(২) তাহার পরিবারের অধিকাংশ প্রাপ্তবয়স্ক সদস্য বাংলাদেশী নিবাসী হয় ; এবং

(৩) তাহার প্রাক-পরিচয়ের বিষয়ে পুলিশি প্রতিবেদন সন্তোষজনক হয় ঃ

তবে শর্ত থাকে যে, কোন ধরণের লাইসেন্সের জন্য কোন ব্যক্তি বা ফার্মের ক্ষেত্রে উপরোক্ত সাধারণ নীতিমালা প্রয়োগ করার প্রয়োজন নাই বলিয়া যদি সরকার মনে করেন তাহা হইলে নির্দিষ্ট লাইসেন্সের ক্ষেত্রে উক্ত ব্যক্তি বা ফার্ম কর্তৃক উপরে উল্লেখিত চাহিদা পূরণ হইতে নিষ্কৃতি দিতে পারিবেন।

(বি) **নির্দিষ্ট প্রকারের লাইসেন্সের ক্ষেত্রে অনুকরণীয় নীতিমালা ঃ**

| লাইসেন্সের প্রকার | অনুসরণীয় নীতিমালা |
|---|---|
| (১) পাটের ডিলার | ১। কোন ব্যক্তির নামে নির্দিষ্ট কোন কেন্দ্রের জন্য একটিমাত্র লাইসেন্স ইস্যু করা যাইবে।<br>২। যাহারা স্থানীয় পরিষদের চেয়ারম্যান বা সার্কেল অফিসার বা থানা নির্বাহী অফিসার হইতে সুপারিশপত্র দাখিল করিতে পারিবেন কেবলমাত্র তাহাদেরকে সীমান্ত এলাকার জন্য লাইসেন্স ইস্যু করা যাইবে। |
| (২) বেলার | অধ্যাদেশ এবং বিধিমালার বিধান মোতাবেক। |
| (৩) প্রেস মালিক | ঐ |
| (৪) কাঁচাপাট রপ্তানীকারক | ১। অধ্যাদেশ এবং বিধিমালার বিধান এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা মোতাবেক।<br>২। যাহাদের কাঁচা পাটের রপ্তানী নিবন্ধন সার্টিফিকেট থাকিবে। |
| (৫) পাটজাত পণ্যের ডিলার | অধ্যাদেশ ও বিধিমালার বিধান মোতাবেক। |
| (৬) প্রস্তুতকারক | ঐ |
| (৭) পাটজাত পণ্য রপ্তানীকারক | কাঁচা পাট রপ্তানীকারকের মত। |

৬। **বিদেশীদেরকে লাইসেন্স প্রদানের নীতিমালা।**—পাট ব্যবসা ও শিল্পের ক্ষেত্রে দেশের জাতীয় স্বার্থ উন্নয়নের উদ্দেশ্যে এইরূপ কোন ব্যক্তি বা ফার্ম বা কোম্পানীকে কোন প্রকারের লাইসেন্স প্রদান করা সরকারের নিকট যুক্তিযুক্ত বিবেচিত হওয়া ব্যতিরেকে কোন ব্যক্তি যিনি বাংলাদেশের নাগরিক নন অথবা কোন ফার্ম বা কোম্পানী যাহাদের সকল অংশীদার বা পরিচালক বাংলাদেশের নাগরিক নন তাহাদেরকে কোন লাইসেন্স প্রদান করা যাইবে না।

৭। **লাইসেন্স ইস্যু এবং নবায়নের শর্তাবলী।**—নিম্নোক্ত শর্তাবলী সাপেক্ষে ৬(২) ধারার আওতায় লাইসেন্স ইস্যু এবং উহা নবায়ন করা যাইবে ঃ—

(এ) লাইসেন্সধারী কেবলমাত্র অনুমোদিত ওজনে পাট ব্যবসা পরিচালনা করিবেন ;

(বি) তিনি পাটের ওজন বা মূল্য হইতে সাধারণতঃ ধলতা, কাবারী, বৃত্তি, শতকরা, নমুনা, বাছট, জলপানি, কাচ্চি, খাতা ইত্যাদি নামে পরিচিত কোন প্রকার কমানো বা অন্যায় দায়-দাবী বা কারচুপিতে লিপ্ত হইবেন না ;

(সি) তিনি আঁশে শুকনো অবস্থায় প্রাকৃতিক আর্দ্রতার চাইতে অতিরিক্ত আর্দ্রতাযুক্ত পাটের ব্যবসা করিবেন না কিংবা পানি, বালি ইত্যাদি মিশ্রিত পাটের ব্যবসা করিবেন না ;

(ডি) তিনি কেবলমাত্র ব্যবসায় প্রচলিত গ্রেডের মান অথবা ব্যবসায় প্রচলিত গ্রেডের মান বাতিলক্রমে সময়ে সময়ে সরকার কর্তৃক সংজ্ঞায়িত বা অনুমোদিত গ্রেডের মান অনুসারে ব্যবসা পরিচালনা করিবেন ;

(ই) অধ্যাদেশাধীন এইরূপ কোন ঘটনা বা তথ্য সরবরাহ করিতে বলা হইলে তিনি ব্যবসা সংক্রান্ত বা ব্যবসার সাথে প্রাসংগিক কোন ঘটনা চাপা বা মিথ্যা তথ্য সরবরাহ করিবেন না, কিংবা তাহার নিজ উদ্যোগে বা অধ্যাদেশাধীন কোন বিধানের চাহিদা মোতাবেক যেভাবে এইরূপ কোন খাতাপত্র, হিসাব এবং রেকর্ডপত্র রক্ষণাবেক্ষণ করা হউক না কেন, তিনি কোন মিথ্যা হিসাবের খাতাপত্র এবং রেকর্ডপত্র অথবা সকল লিখনে একটির সাথে অন্য সেটের মিল নাই এমন দুই সেট খাতাপত্র হিসাব বা অন্যান্য রেকর্ডপত্র রক্ষণাবেক্ষণ করিবেন না ;

(এফ) কোন প্রস্তুতকারক, পাট বা পাটজাত পণ্য রপ্তানীকারক, পাটজাত পণ্যের ডিলার, বেলার এবং প্রেস মালিক (পাকা ও কাঁচা) তাহার পাট ব্যবসার বিবরণ প্রদর্শন করিয়া বাংলায় বা ইংরাজীতে ভাউচার, হিসাবের খাতাপত্র ও রেজিস্টার রাখিবেন এবং ১৪ ধারার আওতায় প্রণীত আদেশ দ্বারা নির্ধারিত ছক অনুযায়ী সাময়িক রিটার্ণ পরিচালক, পাট পরিদপ্তর, মুখ্য পাট পরিদর্শক অথবা এতদ্বারা কর্তৃত্বপ্রাপ্ত অন্যান্য কর্মকর্তার নিকট দাখিল করিবেন ;

(জি) প্রকৃত পাট চাষী বা লাইসেন্সধারী ব্যবসায়ী নয় এমন কোন ব্যক্তির সংগে ব্যবসায়ী লেনদেন বা মধ্যস্থতা করিবেন না ;

(এইচ) তিনি বৈধ চুক্তি (বৈদেশিক বা স্থানীয়) পালনে ব্যর্থ হইবেন না অথবা সন্তোষজনক কারণ ব্যতিরেকে চুক্তি পালনে ব্যর্থ হইলে প্রতিপক্ষকে মূল্যের Market difference দিবেন ;

(আই) তিনি পাটের আন্ডারগ্রেডিং, ওভারগ্রেডিং, আন্ডার-ইনভয়েসিং বা চোরাচালানী কাজে লিপ্ত হইবেন না ;

(জে) ৮ ধারার আওতায় সরকার কর্তৃক নির্ধারিত ন্যূনতম মূল্যের নীচে বা সর্বোচ্চ মূল্যের উপরের দরে কোন পাট বা পাটজাত পণ্য ক্রয় বা বিক্রয় অথবা বিক্রয়ের বা ক্রয়ের প্রস্তাব করিবেন না অথবা পাট বা পাটজাত পণ্যের কোন লেনদেনের মধ্যস্থতা করিবেন না ;

(কে) যে স্থানের জন্য লাইসেন্স প্রদান করা হইয়াছে সেখানে দৃষ্টিগোচর স্থানে লাইসেন্স ঝুলাইয়া রাখিবেন এবং যদি তিনি কোন ডিলার অব জুট বা জুট ম্যানুফ্যাকচারস হইয়া থাকেন, যাহাদের নির্দিষ্ট ব্যবসা কেন্দ্র নাই, ব্যবসার উদ্দেশ্যে যেখানেই যাইবেন লাইসেন্স সংগে রাখিবেন এবং ১৪ ধারার আওতায় ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক চাহিবামাত্র উপস্থাপন করিবেন ;

(এল) যদি তিনি কোন ডিলার অব জুট বা বেলার বা প্রেস মালিক (কাঁচা ও পাকা) হন, তাহা হইলে তিনি সরকার নির্ধারিত রেটের চাইতে অতিরিক্ত হারে ব্রোকারেজ, কমিশন, আড়তদারী, বা বেলিং ফি, যে ক্ষেত্রে যাহা প্রযোজ্য চার্জ করিতে পারিবেন না ;

(এম) তিনি যদি কোন বেলার হন তাহা হইলে পাট ব্যবসা পরিচালনার জন্য অবশ্যই তাহার একটি প্রতিষ্ঠিত অফিস থাকিতে হইবে।

(এন) তিনি যদি সীমান্ত এলাকায় ব্যবসারত কোন ডিলার অব জুট বা বেলার বা প্রেস মালিক হন, তাহা হইলে সরকার যখনই যে ভাবে নির্দেশ প্রদান করিবেন সেমতে তিনি পরিচালক, পাট পরিদপ্তর কর্তৃক নির্দিষ্টকৃত এইরূপ এলাকার এইরূপ ব্যক্তি বা ব্যবসায়ীর নিকট তাহার ক্রয় করা সকল পাট বিক্রয় করিবেন এবং সকল ক্রয়, বিক্রয় এবং মজুদের হিসাবের খাতাপত্র রক্ষণাবেক্ষণ করিবেন এবং স্থানীয় মুখ্য পাট পরিদর্শকদের নিকট সাময়িক রিটার্ণ দাখিল করিবেন ;

(ও) তিনি যদি কোন ম্যানুফ্যাকচারার বা প্রেস মালিক (কাঁচা বা পাকা) বা পাট বেলিং কেন্দ্রে পাট গুদাম ব্যবহারকারী হন, তাহা হইলে তিনি ফায়ার সার্ভিস রুলস বা রেগুলেশনে যেভাবে নির্ধারণ করা হইবে বা হইয়াছে সেই বিধান অনুসারে এবং এতদ্‌উপলক্ষ্যে সময় সময় সরকার কর্তৃক জারীকৃত নির্দেশ অনুযায়ী অগ্নিনির্বাপক সরঞ্জাম রাখিবেন এবং অগ্নিকান্ড প্রতিরোধের ব্যবস্থা গ্রহণ করিবেন ;

(পি) তিনি তাহার পাট মজুদের বিবরণ ও অবস্থান সম্পর্কে স্থানীয় মুখ্য পাট পরিদর্শককে তথ্য সরবরাহ করিবেন।

৮। **ডুপ্লিকেট লাইসেন্স ইস্যু।**—কোন লাইসেন্স হারাইয়া গেলে, ক্ষতিগ্রস্ত বা লেখন অস্পষ্ট হইয়া পড়িলে নির্ধারিত ফি প্রদান ও আবেদন সাপেক্ষে মূল লাইসেন্স মঞ্জুরকারী কর্তৃপক্ষ কর্তৃক লাইসেন্সধারীকে এইরূপ ডুপ্লিকেট ইস্যু করা যাইবে।

প্রতিটি ডুপ্লিকেট লাইসেন্স ফি ডিলার অব জুট বা জুট ম্যানুফ্যাকচারস এর ক্ষেত্রে ২০ টাকা, বেলারের ক্ষেত্রে ৫০ টাকা, রপ্তানীকারকের ক্ষেত্রে ১০০ টাকা এবং প্রেস মালিক বা ম্যানুফ্যাকচারের ক্ষেত্রে ২০০ টাকা।

৯। **লাইসেন্স প্রদান ও নবায়নের রেকর্ড রক্ষণাবেক্ষণ।**—তফসিল-১এ তে নির্ধারিত লাইসেন্সিং কর্তৃপক্ষ তফসিল-৪ তে বিধানকৃত পদ্ধতি অনুসারে লাইসেন্স প্রদান ও নবায়নের রেকর্ডপত্র রক্ষণাবেক্ষণ করিবেন।

১০। **লাইসেন্স সাময়িক বাতিল বা বাতিলের কর্তৃপক্ষ।**—লাইসেন্স সাময়িকভাবে বাতিল বা বাতিলের উদ্দেশ্যে ৬ ধারার উপ-ধারা (৮) এ বর্ণিত কর্তৃপক্ষ হইবেন পাট পরিদপ্তরের পরিচালক অথবা তাহার দ্বারা এই বিষয়ে ক্ষমতাপ্রাপ্ত অন্য কোন কর্মকর্তা।

১১। **আপীল।**—(১) ৭(১) ধারার আওতায় আপীল পাট মন্ত্রণালয়ের সচিব বা যুগ্ম-সচিবের নিকট দাখিল করিতে হইবে।

(২) ৭ ধারার উপ-ধারা (১) এর আওতায় কোন আদেশের বিরুদ্ধে ৭(২) ধারার আওতায় আপীলকারী নিজে অথবা তাহার নিয়োগকৃত প্রতিনিধি অথবা রেজিস্ট্রি ডাকযোগে আপীল কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে পারিবেন।

(৩) মেমোরেন্ডাম অব আপীলের সংগে—

(এ) সংযুক্ত করিতে হইবে—

(১) যে আদেশের বিরুদ্ধে আপীল করা হইয়াছে তাহার সার্টিফাইড কপি,

(২) সংক্ষিপ্ত এবং পরিচ্ছন্নভাবে আপীলের হেতুর বর্ণনা,

(৩) ১৮৭০ সালের কোর্ট ফি আইনের (Act VII of 1870) দ্বিতীয় তফসিলের ২ নং আর্টিকেলে নির্ধারিত ফি সংযুক্ত করিতে হইবে।

(বি) আপীলকারী নিজে অথবা তাহার নিযুক্ত প্রতিনিধি কর্তৃক নিম্নরূপ সত্য পাঠ করিতে হইবে ঃ

'মেমোরেন্ডামে সন্নিবেশিত ঘটনা তাহার জ্ঞাতসারে এবং বিশ্বাসমতে সত্য'।

(৪) উপরে বর্ণিত ক্লজের বিধানাবলীর কোন চাহিদা পূরণ না করা হইলে আপীল বাতিল করা যাইবে।

১২। **নোটিশ কিভাবে জারী করা হইবে।**—(১) এই বিধিমালার আওতায় কোন নোটিশ নিম্নবর্ণিত পদ্ধতিতে জারী করা যাইতে পারে। যথা—

(১) সংশ্লিষ্ট ব্যক্তির ঠিকানায় ব্যক্তিগতভাবে, অথবা

(২) সংশ্লিষ্ট ব্যক্তির বসতঘর বা ব্যবসার স্থানে নোটিশ লটকাইয়া দিয়া, অথবা

(৩) রেজিস্ট্রি ডাক মারফত।

(২) শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের অভিপ্রায়ে যখন ডাকে কোন নোটিশ প্রেরণ করা হয়, নোটিশটি প্রাপ্তি স্বীকারপত্রসহ রেজিস্ট্রিকৃত ডাক মারফত প্রেরণ করিতে হইবে।

১৩। **আটক আদেশ অনুমোদনের কর্তৃপক্ষ।**—১৪ (এ) ধারায় উল্লেখিত আটক আদেশ নিম্নবর্ণিত কর্তৃপক্ষ তাহাদের নামের পার্শ্বে বর্ণিত এলাকার জন্য প্রদান করিবেন—

(১) পরিচালক, পাট পরিদপ্তর—সমগ্র বাংলাদেশ।

(২) জেলা প্রশাসক—নিজ এলাকা।

(৩) মহকুমা প্রশাসক—নিজ এলাকা।

'৬

## তফসিল-১
### (বিধি ৩ দ্রষ্টব্য)
### ফিসের তফসিল

১। পাটের ডিলার — প্রতিটি ২০০ টাকা।

২। বেলার

(এ) **কাঁচা বেলার ঃ**

সাধারণতঃ কাঁচা বেলার নামে পরিচিত, প্রেস মালিক ব্যতীত, যিনি কাঁচা যাচাইকৃত পাট কাঁচা বেল বাঁধাই করিবার জন্য কাঁচা প্রেস ব্যবহার করেন বা কেবলমাত্র কাঁচা বেল বাঁধাই করিবার জন্য আওলা পাট খরিদ করেন বা কাঁচা বেল ক্রয় বা বিক্রয় করেন এমন কোন ব্যবসায়ীর প্রত্যেক ব্যবসা কেন্দ্রের জন্য ৩০০০ টাকা।

(বি) **পাকা বেলার ঃ**

সাধারণতঃ পাকা বেলার নামে পরিচিত, প্রেস মালিক ব্যতীত, যিনি পাকা যাচাইকৃত পাকা বেল বাঁধাই করিবার জন্য পাকা প্রেস ব্যবহার করেন বা কেবলমাত্র পাকা বেল বাঁধাই করিবার জন্য আওলা পাট খরিদ করেন বা পাকা বেল ক্রয় বা বিক্রয় করেন, এমন ব্যবসায়ীর প্রত্যেক ব্যবসা কেন্দ্রের জন্য ৫৫০০ টাকা।

(সি) **আড়তদার ঃ**

সাধারণতঃ আড়তদার নামে পরিচিতি যিনি ফিসের বিনিময়ে কোন ব্যবসায়ীর আওলা বা বেল পাটের হেফাজতের দায়িত্ব গ্রহণ করেন অথবা কর্তৃত্বপ্রাপ্ত হইলে এইরূপ পাট বিক্রয়ের মধ্যস্থতা করেন এমন ব্যবসায়ীর প্রত্যেক ব্যবসা কেন্দ্রের জন্য ১১০০ টাকা।

(ডি) **ইন্টারনাল ব্রোকার ঃ**

যিনি ব্রোকারী বা কমিশনের বিনিময়ে বাংলাদেশের অভ্যন্তরে দুইজন ব্যবসায়ীর মধ্যে বেল অথবা আওলা পাট ক্রয়-বিক্রয়ের মধ্যস্থতা করেন এমন ব্যবসায়ীর প্রত্যেক ব্যবসা কেন্দ্রের জন্য ১৬০০ টাকা।

(ই) **এক্সপোর্ট ব্রোকার ঃ**

যিনি ব্রোকারী বা কমিশন বা বেতনের বিনিময়ে বাংলাদেশের কোন বিক্রেতা ও বাংলাদেশের বাহিরের কোন ক্রেতার মধ্যে পাকা বেল বিক্রয় বা ক্রয়ের মধ্যস্থতা করেন এমন ব্যবসায়ীর জন্য ১১০০০ টাকা।

[ কাঁচা বা পাকা প্রেস মালিক বেলার হিসাবে ব্যবসা করিতে চাহিলে বেলার লাইসেন্স গ্রহণ করিতে হইবে ]

7

| | | |
|---|---|---|
| ৩। প্রেস মালিক | (এ) | প্রতিটি পাকা প্রেসের জন্য ১১০০০ টাকা। |
| | (বি) | প্রতিটি কাঁচা প্রেসের জন্য ২৫০০ টাকা। |
| ৪। পাট রপ্তানীকারক | | প্রতিটি ১১০০০ টাকা। |
| ৫। পাটজাত পণ্যের ডিলার | (এ) | পাট কার্পেট ব্যতীত প্রতিটি ব্যবসা প্রতিষ্ঠানের জন্য ৩০০ টাকা। |
| | (বি) | প্রতিটি পাট কার্পেটের ব্যবসা প্রতিষ্ঠানের জন্য ১১০০ টাকা। |
| ৬। প্রস্তুতকারক | (এ) | প্রত্যেক জুট মিলের প্রতি ২৫০ তাঁত বা উহার ভগ্নাংশের জন্য ৯০০০ টাকা। |
| | (বি) | প্রত্যেক জুট স্পিনিং মিলের প্রতি ৭০০ স্পিন্ডেল বা উহার ভগ্নাংশের জন্য ৬৫০০ টাকা। |
| | (সি) | প্রত্যেক জুট টেপ মিলের ১০ ইঞ্চি বা উহার কম প্রস্থ প্রতি ২০ লুম বা উহার ভগ্নাংশের জন্য ৪৫০০ টাকা। |
| ৭। পাটজাত পণ্যের রপ্তানীকারক | (এ) | কার্পেট ব্যতীত অন্যান্য পাটজাত পণ্য রপ্তানীর জন্য ১১০০০ টাকা। |
| | (বি) | পাট কার্পেট রপ্তানীর জন্য ১১০০ টাকা। |

উপরোক্ত ফিসের হার ১৯৯৫-৯৬ আর্থিক বছর এবং তার পরবর্তী বছরে লাইসেন্স ইস্যু বা নবায়নের জন্য প্রযোজ্য হইবে।

## সিডিউল-১ এ

**(বিধি ৩ ও ৪ দ্রষ্টব্য)**

**লাইসেন্স কর্তৃপক্ষ**

| লাইসেন্স ইস্যু বা নবায়নের কর্তৃপক্ষ | ইস্যু বা নবায়নতব্য লাইসেন্সের প্রকার |
|---|---|
| ১। পরিচালক/উপ-পরিচালক/সহকারী পরিচালক, পাট পরিদপ্তর। | ১। (১) পাট রপ্তানীকারক;<br>(২) পাটজাত পণ্যের রপ্তানীকারক; এবং<br>(৩) প্রস্তুতকারক। |
| ২। আঞ্চলিক সহকারী পাট নিয়ন্ত্রক, যে সমস্ত ব্যবসায়ীর ব্যবসা কেন্দ্র তাহার এলাকায় পড়িবে। | ২। (১) পাকা বেলার, এক্সপোর্ট ব্রোকার ও ইন্টারনাল ব্রোকার; এবং<br>(২) পাকা প্রেস মালিক। |
| ৩। মুখ্য পাট পরিদর্শক, যে সমস্ত ব্যবসায়ীর ব্যবসা কেন্দ্র তাহার এলাকায় পড়িবে। | ৩। (১) পাটের ডিলার, আড়তদার, কাঁচা বেলার ও কাঁচা প্রেস মালিক; এবং<br>(২) পাটজাত পণ্যের ডিলার। |

বাঃসঃমুঃ-২০০২/০৩-২৭২৫কম/এ-১,০০০ বই, ২০০৩।